# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৬০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ أَنَّ بِلَالًا قَالَ لِأَبِي بَكْرٍ: إِنْ كُنْتَ إِنَّمَا اشْتَرَيْتَنِي لِنَفْسِكَ فَأَمْسِكْنِي وَإِنْ كُنْتَ إِنَّمَا اشْتَرَيْتَنِي لِلَّهِ فَدَعْنِي وَعمل الله. رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (3755) ـ
(صَحِيح)

বাংলা

৬২৬০-[৬৫] কায়স ইবনু আবূ হাযিম (রাঃ) বলেন, বিলাল (রাঃ) আবূ বকর সিদ্দীক (রাঃ)-কে বললেন, আপনি যদি আমাকে নিজের জন্য ক্রয় করে থাকেন, তাহলে আমাকে আপনি নিজ সেবায় আটকিয়ে রাখুন। আর যদি আল্লাহর সন্তুষ্টির জন্য ক্রয় করে থাকেন, তবে আমাকে আল্লাহর কাজে স্বাধীন ছেড়ে দিন। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৫৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১০০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنَّ بِلَالًا قَالَ)যখন আমাদের সর্দার বিলাল (রাঃ) মসজিদে নাবাবী দেখাশোনায় অধৈর্য হওয়ার কারণে শাম দেশে যাত্রা করার ইচ্ছা পোষণ করলেন, তখন আবূ বাকর (রাঃ) তার নিকট আবেদন করলেন যে, নবী (সা.) -এর সময় যেমন তুমি আযান দিতে তেমনিভাবে আমার সাথে থাকো ও আযান দাও।

(فَدَعْنِي وَعمل الله) অর্থাৎ আমাকে ছেড়ে দিন আমি আল্লাহর ‘আমল করতে থাকব এবং মানুষের সাথে কোন সম্বন্ধ রাখব না।

কোন বর্ণনায় এসেছে, বিলাল (রাঃ) বলেন, আমার মধ্যে রসূলের স্থান দেখার ধৈর্য নেই, আর তিনি (সা.) ব্যতীত আমি এখানে অবস্থান করতে পারব না। তখন বিলাল (রাঃ) এক সৈন্যদলের সঙ্গ গ্রহণ করল যারা শাম দেশে যাচ্ছিল। তিনি তাদের সাথে গেলেন এবং দামিশকে মৃত্যুবরণ করেন। আবার সেই হাদীসে বিলাল (রাঃ)-এর মদীনায় ফিরে আসার কথা উল্লেখ হয়েছে এবং তার আযান দেয়া ও আযানে মদীনাহ্ কেঁপে উঠার কথা উল্লেখ হয়েছে সে হাদীসের কোন ভিত্তি নেই। সেটা জাল হাদীস হতে পারে। আল্লামাহ্ সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) সেটাকে পরবর্তীতে উল্লেখ করেছেন। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ক্বায়স ইবন আবু হাযিম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন